



কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক সাধারণ সভা ও পুনর্মিলনী ২০১৭

গত ৯ই জুলাই ২০১৭ সিডনির গ্লেনফিল্ড কমিউনিটি হলে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক সাধারণ সভা ও পুনর্মিলনী ২০১৭ অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের সভাপতি ড: মাকসুদুল বারীর সভাপত্তিতে এবং সাধারণ সম্পাদক ড: মাসুদ পারভেজের সঞ্চলনায় অনুষ্ঠানটি পরিচালিত হয়। দুপুর সাড়ে ১২টায় অনুষ্ঠানের শুরুতে সভাপতির স্বাগত বক্তব্যের পর বার্ষিক সাধারণ সভা ২০১৬ র কার্যবিবরণী অনুমোদনের পরে সাধারণ সম্পাদক ড: মাসুদ পারভেজ তার প্রতিবেদন উপস্থাপন করেন। কোষাধ্যক্ষ ড: আনোয়ারুল বকশী ২০১৬-১৭ র বাসরিক আয় ব্যয়ের হিসাব অনুমোদনের জন্যে উপস্থাপন করেন এবং অভ্যন্তরীণ নিরীক্ষণ সাপেক্ষে হিসাব অনুমোদিত হয়।

সভাপতি ড: বারী তাঁর বক্তব্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র প্রস্তাবিত বৃত্তি কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। তিনি সাধারণ সভাকে অবহিত করেন যে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র শর্তাবলী সাপেক্ষে উক্ত বিশ্ববিদ্যালয় দুইটি নির্বাচিত ছাত্র ছাত্রীরদের বৃত্তি প্রদান কার্যক্রম অনুমোদন করেছে। বৃত্তি কার্যক্রম চালু করার জন্য কৃষিবিদ অস্ট্রেলিয়া ইতিমধ্যে (জুন ২০১৭) প্রতিটি বিশ্ববিদ্যালয়ে দশ লক্ষ টাকার সম পরিমাণ অর্থ প্রেরণ করেছে। কৃষিবিদ অস্ট্রেলিয়া র এই গুরুত্বপূর্ণ উদ্যোগ সফল করার জন্য এই সাধারণ সভার মাধ্যমে অনুদান প্রদানকারী (কৃষিবিদ তাঁদের পরিবার ও সন্তানসহ মোট ৪৯ জন) সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হয়।

মধ্যাহ্ন ভোজের পরে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে মুক্ত আলোচনায় কৃষিবিদ অস্ট্রেলিয়া-র স্থায়ী সদস্য পদ বৃদ্ধি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে “কৃষিবিদ অস্ট্রেলিয়া বৃত্তি” কর্মসূচি বাস্তবায়ন, বেনোভোলেন্ট ফান্ড, এবং অস্ট্রেলিয়ায় প্রয়াত কৃষিবিদ পরিবারের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা সহ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বর্তমান কার্যকরী কমিটিকে প্রয়োজনীয় পদক্ষেপের জন্যে সিদ্ধান্ত হয়। আলোচনায় অংশগ্রহণ করেন জনাব আব্দুল

জলিল, জনাব উসমান গনি, ড: মাকসুদুল বারী, ড: মাসুদ পারভেজ, জনাব এ ওয়াই এম তোজাম্মেল হক মুকুল, ড: নার্গিস বানু, জনাব জিয়াউল হক বাবলু, ড: রতন কুন্ডু, জনাব মোঃ আব্দুল ওয়াহাব বকুল এবং জনাব সৈয়দ সিরাজুল ইসলাম।

মুক্ত আলোচনা শেষে বর্তমান কার্যকরী পরিষদের সদস্য ড: রঞ্জনা সরকারের পরিচালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন ড: মলয় বিশ্বাস এবং ড: রতন কুন্ডু। এ ছাড়া গান পরিবেশন করেন জনাব নির্মল পাল, ড: কাইয়ুম পারভেজ এবং ড: রঞ্জনা সরকার।

সংগঠনের সাধারণ সম্পাদক ড: পারভেজ অক্টোলিয়ায় বসবাসরত কৃষিবিদদের স্বার সহযোগিতায় প্রক্ষেপণ করার আশা রেখে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান। সভাপতি ড: মাকসুদুল বারী তাঁর সমাপনী বক্তব্যে সবাইকে ধন্যবাদ জানিয়ে বিকাল ৫টায় অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।











সৈয়দ সিরাজুল ইসলাম, জনসংযোগ সম্পাদক, কৃষিবিদ অক্সেলিয়া কর্তৃক প্রচারিত।